

নীড ৮২ এন্টারপ্রাইজ এর নবায়ন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর
আদেশনামা

আপীল নং-৩৮/২০২১

তারিখঃ ০৪/০২/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৮/০৪/২০২১	<p>শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেন্সিটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ২৫/০৮/২০২০ পর্যন্ত। এজেন্সিটি নবায়ন আবেদন দাখিল করেছে ২৬/০১/২০২১ তারিখ। তাঁদের এজেন্সীর নবায়ন আবেদনে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র এবং নির্ধারিত সময়ে নবায়নের আবেদন দাখিল না করার কারণে ২৭/০১/২০২১ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৪/০২/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেন্সীর মালিক জানান যে, অসুস্থতার কারণে নবায়ন আবেদন দাখিল করতে ০৫ (পাঁচ) মাসের অধিক বিলম্ব হয়। গত ২৩/০২/২০২১ তারিখে শুনানীর দিনে হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রে এজেন্সীর নাম উল্লেখিত না থাকার কারণে আপীল কর্তৃপক্ষ পরবর্তী শুনানীর জন্য হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে বলেন। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ১০ লক্ষ টাকা উল্লেখিত ব্যাংক সলভেন্সী সনদ ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন। নবায়নের আবেদনের ক্ষেত্রে ভবিষ্যতে যথাসময়ে আবেদন দাখিল করবেন বলেও শুনানীতে এজেন্সীর মালিক মৌখিকভাবে অঙ্গীকার করেছেন।</p> <p>আপীলকারীর বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, গত ২৩/০২/২০২১ তারিখে নীড ৮২ এন্টারপ্রাইজ এর শুনানী সময় হালনাগাদ আয়কর সনদপত্রে এজেন্সীর নাম উল্লেখিত না থাকায় পুনরায় শুনানীর জন্য আবেদন করেন। ইতিমধ্যে আপীলকারী তাঁর স্বাক্ষরিত একটি আবেদনের এজেন্সীর নাম উল্লেখিতসহ হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। অদ্য ০৮/০৪/২০২১ তারিখের শুনানীর জন্য আপীলকারীর নিকট চিঠি প্রেরণ করা হলেও, সরকারি লক ডাউনের কারণে আপীলকারী উপস্থিত হতে পারেন নাই। তবে আপীলকারী কর্তৃক নীড ৮২ এন্টারপ্রাইজ এজেন্সীর নামীয় হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র প্রেরণ করা হয়েছে। তাই আপীলকারীর কাগজপত্রাদি বর্তমানে সঠিক থাকায় আপীল আবেদনটি মঞ্জুর করা হলো। অত্রাফিসের ২৭/০১/২০২১ তারিখের নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিলাদেশ রহিত করা হলো। “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১” মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত/০৮/০৪/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রঃপর্যঃ ও পরিঃ) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৩৮.২০২১- ২০৭ তারিখঃ ০৮/০৪/২০২১ইং</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৪) জেলা প্রশাসক, চট্টগ্রাম। ৫) কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম। ৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সান্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্মার্ট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব প্রদীপ মিত্র, স্বত্বাধিকারী, নীড ৮২ এন্টারপ্রাইজ, ১২ কে, সি দে রোড (হোটেল টিউলিপ), নীচ তলা, কোতোয়ালী, চট্টগ্রাম। <p>মিজানুর রহমান অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়</p>	